

# শহরে খোলা হবে ক্লিনিক 'হার্টের জন্য হাঁটুন'— রবিবার পদযাত্রা আই এল এসের উদ্যোগে

নিজস্ব প্রতিনিধি ।। আগরতলা, ২৫  
সেপ্টেম্বর : আই এল এস হাসপাতাল  
প্রতিষ্ঠার চতুর্থ বর্ষপূর্তি ও 'বিশ্ব হার্ট দিবস'  
উপলক্ষ্যে শুক্রবার এক সাংবাদিক  
সম্মেলনে জিপিটি গ্রুপের মার্কেটিং ভাইস  
প্রেসিডেন্ট দেবাশিস ধর জানিয়েছেন,  
সেপ্টেম্বর মাসের শেষ রবিবার সারা  
পৃথিবীতে বিশ্ব হার্ট দিবস পালন করা হয়।  
হার্টকে সুস্থ রাখুন, এই বার্তাটি জন  
সাধারণের কাছে পৌঁছে দিতে আমাদের  
সবাইকে একত্রিতভাবে রাস্তায় নামতে  
হবে। হার্টের জন্য হাঁটুন এই বার্তায় আই  
এল এস তিন বছর ধরে এই দিনটি পালন  
করে আসছে নানান কর্মসূচির মধ্য দিয়ে।  
এবারও করবে।

এবছরও এই মাসের শেষ রবিবার  
২৭ সেপ্টেম্বর সকাল সাড়ে সাতটায়  
আগরতলা বীরেন্দ্র ক্লাবের সামনে থেকে  
পদযাত্রার আয়োজন করা হয়েছে। ধর  
জানাচ্ছে হার্টকে সুস্থ রাখতে সবচেয়ে  
সহজ উপায় হলো হাঁটা। এই বার্তাটিকে  
জনসাধারণের কাছে নিয়ে যেতে চাই যে,  
হার্টের জন্য হাঁটুন। যেহেতু এটা সচেতন  
করার অনুষ্ঠান সে কারণে সকলের  
অংশগ্রহণ জরুরি। তিনি আরও বলেন যে,  
আই এল এস শহরের মূল কেন্দ্রে ক্লিনিক  
খুব শীঘ্রই চালু করতে চলেছে। এর ফলে  
মানুষ আই এল এস অবধি না এসে এই  
ক্লিনিকে চিকিৎসার সুযোগ গ্রহণ করতে  
পারবে। বিশেষ করে অপারেশন হয়েছে  
এমন রোগীরা চেক আপ করতে পারবেন।  
হাসপাতালের ডাক্তাররা প্রতিদিন সক্ষমায়  
রোগী দেখবেন। বিভিন্ন প্যাথোলজিক্যাল  
পরীক্ষা, নমুনা সংগ্রহ ও রিপোর্ট এই ক্লিনিক  
থেকে যথা সময়ে দেওয়া হবে।

হাসপাতালের সি ই ও কিশোর  
আম্বুলি ২ অক্টোবর আই এল এস  
হাসপাতালের চতুর্থ বর্ষ পূর্তিতে  
রাজ্যবাসীকে ধন্যবাদ জানিয়েছেন। তিনি  
বিগত চার বছরে হাসপাতালের সাফল্যের  
খতিয়ান তুলে ধরে আগামীতে পরিষেবা  
উন্নয়নের আরও কর্মসূচি গ্রহণ করা হয়েছে  
বলে জানান।

সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের  
মধ্যে উপস্থিত ছিলেন হাসপাতালের  
ডেপুটি সুপার ডাঃ অর্চনা জৈন দত্তা।